



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নথী নং-১৮/মাধ্যঃ/সনদ/২০১৫/ ৭৩৪

তারিখঃ ১৮/০৯/২০২৪

বিষয়ঃ ২০২৩ সালের এস এস সি পরীক্ষার মূল সনদ বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ২০২৩ সালের এস এস সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র নিম্ন বর্ণিত সময় ও নিয়ম অনুযায়ী অত্র অফিস থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণের তারিখ : ২৫/০৯/২০২৪ ইং তারিখ হতে ০৬/১০/২০২৪ইং পর্যন্ত।

সময় : সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত।

সনদ বিতরণের স্থান : ৪ নং ভবনের ০৬ তলা (লিফটের-৬)।

জেলাওয়ারী বিতরণের তারিখঃ

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ
০১।	গোপালগঞ্জ, শরীয়তপুর।	২৫/০৯/২০২৪
০২।	রাজবাড়ী, মুন্সিগঞ্জ।	২৬/০৯/২০২৪
০৩।	টাংগাইল, মানিকগঞ্জ।	২৯/০৯/২০২৪
০৪।	নারায়নগঞ্জ, কিশোরগঞ্জ।	৩০/০৯/২০২৪
০৫।	ফরিদপুর, মাদারীপুর।	০১/১০/২০২৪
০৬।	গাজীপুর, নরসিংদী।	০২/১০/২০২৪
০৭।	ঢাকা জেলা।	০৩/১০/২০২৪
০৮।	ঢাকা মহানগর।	০৬/১০/২০২৪

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মূল সনদপত্র গ্রহণ করার জন্য কতজন ছাত্র/ছাত্রী উত্তীর্ণ হয়েছে তার বিবরণ (প্রতিষ্ঠান প্যাডে কেন্দ্র কোড এবং স্কুল কোড অবশ্যই উপস্থাপন করবেন) নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ সনদপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। প্রধান শিক্ষক/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিজের বা প্রেরিত প্রতিনিধির বেলায় অর্থাৎ উভয় ক্ষেত্রেই গভর্নিং বডি/ম্যানেজিং/এডহক কমিটির সিদ্ধান্তের কপিসহ (সরকারী স্কুল ব্যতীত) মূল সনদপত্র গ্রহণের জন্য আবেদনের উপর গভর্নিং বডি/ম্যানেজিং/এডহক কমিটির সভাপতি অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় মূল সনদপত্র প্রদান করা সম্ভব হবে না।

স্বাঃ-

পরীক্ষা নিয়ন্ত্রক


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

ফোন নং-৯৬৬৯৮১৫

প্রাপকঃ প্রধান শিক্ষক/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।


১৮/০৯/২০২৪

মোঃ হেলাল উদ্দিন

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(সনদ)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

